# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৯তম বর্ষ ❑ দ্বিতীয় সংখ্যা ❑ জ্যৈষ্ঠ-১৪৩২, মে-জুন-২০২৫ ❑ পৃষ্ঠা ৮

ময়মনসিংহে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ... ২
টেকসই বাংলাদেশ বিনির্মাণে পার্টনার প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে ... ৩
মাশরুম অত্যন্ত পুষ্টিকর ও নিরাপদ খাদ্য... ৪
বরিশালে কৃষি রূপান্তরে দক্ষ যোগাযোগের ভূমিকা ... ৫

## আম রপ্তানি বাড়াতে সরকার কাজ করছে
### –মাননীয় কৃষি উপদেষ্টা

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, বিদেশে বাংলাদেশের আমের বিপুল চাহিদা রয়েছে। আম রপ্তানি বাড়াতে সরকার কাজ করছে। ২৮ মে ২০২৫ মাননীয় উপদেষ্টা রাজধানীর ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে আম রপ্তানি উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মো: মাহমুদুর রহমান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো: ছাইফুল আলম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার করিম উপস্থিত ছিলেন।

মাননীয় কৃষি উপদেষ্টা বলেন আমের উৎপাদন ও রপ্তানি বাড়াতে হবে। রপ্তানি বাড়াতে প্রকল্পের মাধ্যমে আম উৎপাদন করা হচ্ছে। আম চাষিদের প্রয়োজন বিবেচনায় নিয়ে কৃষি প্রণোদনা দেয়া হবে। স্বল্পমূল্যে হর্টিকালচার সেন্টার হতে কৃষকরা উন্নত জাতের আমের চারা পাবেন। প্রণোদনার মাধ্যমে হর্টিকালচার সেন্টারে আমের চারা উৎপাদন বাড়াতে উপদেষ্টা নির্দেশ দেন। এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩




মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) রাজধানীর ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে আম রপ্তানি উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

## কৃষিকে লাভজনক করতে পারিবারিক শ্রমের মূল্য নির্ধারণ করতে হবে : কৃষি সচিব




কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন

কৃষিকে লাভজনক করতে হলে কৃষিকাজে জড়িত ব্যক্তি ও তাদের পারিবারিক শ্রমের মূল্য নির্ধারণ করতে হবে বলে মন্তব্য করেছেন কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। তিনি বলেন, আমরা কৃষিকে লাভজনক করতে না পারলে, বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করতে না পারলে এখাতে উন্নয়ন করা সম্ভব না। কেননা আমরা একটি বিষয় ধরেই নেই আমাদের পরিবারের লোকদের কাজ এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## মাদারীপুরে বসতবাড়ির মাধ্যমে পুষ্টি সংবেদনশীল কৃষির উৎসাহিত কর্মশালা অনুষ্ঠিত




অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি কৃষিবিদ মো. সাইফুল আলম, মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

মাদারীপুরের হর্টিকালচার সেন্টারে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের অর্থায়নে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) ফরিদপুর আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মো. সাইফুল আলম। সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর আঞ্চলিক এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## ময়মনসিংহে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত




*সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কৃষিবিদ মো. ছাইফুল আলম মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মো. ছাইফুল আলম বলেন আমাদের কৃষি জমি কমবে, জনসংখ্যা বাড়বে তবুও কৃষিতে চ্যালেঞ্জ মোকাবিলা করে সামনের দিকে এগিয়ে যেতে হবে। ১৮ মে ২০২৫ সৈয়দ নজরুল ইসলাম অডিটরিয়াম হল রুমে তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান কালে এসব কথা বলেন। প্রকল্পের মূল উদ্দেশ্য উল্লেখ করে প্রধান অতিথি বলেন ভোজ্যতেলের আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা প্রয়োজন। এ প্রকল্পে মৌ চাষের একটি সম্ভবনা রয়েছে। প্রত্যেক উপসহকারী যেন ব্লক প্ল্যান তৈরি করে কাজ করে। ব্লকের সুনির্দিষ্ট তৈলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। গবেষণা প্রতিষ্ঠান ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর একসাথে কাজ করতে হবে। দিন দিন আমাদের কৃষি জমি কমে যাচ্ছে এটাই স্বাভাবিক কিন্তু ২০৫০ সালের টার্গেট নিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হবে। সঠিক কৃষক নির্বাচন করতে হবে। সরিষার পাশাপাশি তিলের উপর গুরুত্ব দিতে হবে। সরিষা ও তিলের তেল খাওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহের অতিরিক্ত পরিচালক ড. সালমা লাইজুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. হজরত আলী, পরিচালক (ভারপ্রাপ্ত), ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা। সেমিনারে প্রকল্পের মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ মুহাম্মদ জাহাঙ্গীর আলম, প্রকল্প পরিচালক, তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প, খামারবাড়ি, ঢাকা। এ ছাড়াও কৃষি মন্ত্রণালয়ের অধীনে অন্যান্য দপ্তর সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

*মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

## খুলনায় জলবায়ু পরিবর্তন ও দক্ষিণাঞ্চলের কৃষিবিষয়ক সেমিনার অনুষ্ঠিত




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ বিভাষ চন্দ্র সাহা, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, খুলনা অঞ্চল*

"জলবায়ু পরিবর্তন ও দক্ষিণাঞ্চলের কৃষি" বিষয়ক দিনব্যাপী সেমিনার ২৮ মে ২০২৫ খুলনার খামারবাড়িস্থ কৃষি তথ্য সার্ভিসের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, খুলনা অঞ্চল কৃষিবিদ বিভাষ চন্দ্র সাহা। সম্মানিত অতিথি ছিলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর খুলনার অধ্যক্ষ কৃষিবিদ কাজী জাহাঙ্গীর হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি তথ্য সার্ভিস খামারবাড়ি ঢাকার প্রধান তথ্য অফিসার বি এম রাশেদুল আলম। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ড. এস এম ফেরদৌস। সেমিনারে স্বাগত বক্তব্য ও কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম উপস্থাপন করেন আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ শারমিনা শামিম। উল্লেখ্য, ২০৫০ সালের মধ্যে উপকূলীয় কৃষির উৎপাদন ৩০ থেকে ৪০ শতাংশ হ্রাস পেতে পারে। বাংলাদেশে ধানের উৎপাদন কমবে ৮ শতাংশ ও গমের উৎপাদন কমবে ৩২ শতাংশ। লবণ সহিষ্ণু ফসল, ভাসমান কৃষি ও জলবায়ু সহনশীল চাষ পদ্ধতি প্রচার করার বিষয়ে গণমাধ্যমের ভূমিকা রয়েছে।

দিনব্যাপী সেমিনারে খুলনা ও যশোর কৃষি অঞ্চলের জেলা ও উপজেলার কৃষি কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সি, কৃষি প্রশিক্ষায়তন, গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কৃষিবিষয়ক ম্যাগাজিন কৃষিকথা পত্রিকার গ্রাহক তৈরিতে বিশেষ অবদান রাখায় উপজেলা কৃষি অফিসারদের সম্মাননা পত্র প্রদান করা হয়।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

## সিরাজগঞ্জে সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টিবিষয়ক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিরাজগঞ্জ এর আয়োজনে 'সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টি' বিষয়ক ০৭ মে ২০২৫ জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর শহিদ এ কে শামসুদ্দিন সম্মেলন কক্ষে এ সেমিনারের আয়োজন করা হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুহাম্মদ নজরুল ইসলাম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেহেনা আক্তার, নির্বাহী পরিচালক, বারটান, নারায়ণগঞ্জ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন তাসনীমা মাহজাবীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, নারায়ণগঞ্জ। অনুষ্ঠান সঞ্চালনা, স্বাগত বক্তব্য ও কার্যক্রমের ভিডিও প্রদর্শন করেন ড. মোঃ আঃ মজিদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন ড. মোঃ নুরুল আমীন, সিভিল সার্জন, সিরাজগঞ্জ ও কৃষিবিদ আ.জা.মু. আহসান শহীদ সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*




*সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন মুহাম্মদ নজরুল ইসলাম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ*

## ফরিদপুরে তেলফসলের চাষিদের মাঝে পুরস্কার বিতরণ

নগরীর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি হলরুমে ২০২৪-২০২৫ অর্থবছরে তেল ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে ফরিদপুরে তেল ফসলের চাষিদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক, মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএই ফরিদপুরের উপপরিচালক,




মো. শাহাদুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন ফরিদপুরের জেলা বীজ প্রত্যয়ন অফিসার, মো. জাহীদুল আলম; ফরিদপুর হর্টিকালচার সেন্টারের উপপরিচালক, মোহাম্মদ বিন-ইয়ামিন; ফরিদপুরের অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) মো. রকিবুল ইসলাম। পুরস্কার প্রাপ্ত ১ম চাষি মধুখালীর আপেল মাহমুদ; ২য় ফরিদপুর সদরের রুবিয়া বেগম; তৃতীয় হয়েছেন ৩ জন তারা হলেন ভাঙ্গার মো. সাহিদ মিয়া, ফরিদপুর সদরের মনিরুজ্জামান, মধুখালীর সরোয়ার ফকির (২৯ মে ২০২৫)।

*আসাদুল্লাহ, কৃতসা, ফরিদপুর*

## স্মার্ট কৃষি প্রযুক্তি সহজলভ্য করতে কাজ করছে কৃষি তথ্য সার্ভিস



*প্রধান অতিথি কৃষিবিদ মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া কৃষিকথা গ্রাহক সংগ্রহ ও কৃষি তথ্য বিস্তারে উল্লেখযোগ্য ভূমিকা রাখায় অংশগ্রহণকারীদের সম্মাননা স্মারক ও ক্রেস্ট প্রদান করছেন*

কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যলয়, পাবনার আয়োজনে "Smart Agricultural Extension at Farmer's Fingertips: Fast, Easy & Impactful Information Sharing" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৬ মে ২০২৫ বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনার এ এস এম কামাল উদ্দিন মেমোরিয়ার হল *এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

## টেকসই বাংলাদেশ বিনির্মাণে পার্টনার প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে




*কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-১ শাখার যুগ্ম সচিব জনাব দীপংকর বিশ্বাস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেটের আয়োজনে প্রোগ্রাম অন অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিন এন্টারপ্রেনরশিপ অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রোগ্রামের অর্থায়নে সিলেটের হোটেল মেট্রো এর হলরুমে 'আঞ্চলিক কর্মশালা' ২৬ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেট অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো. মোশাররফ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-১ শাখার যুগ্ম সচিব দীপংকর বিশ্বাস।

প্রধান অতিথি বলেন টেকসই বাংলাদেশ বিনির্মাণে পার্টনার প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে। এর সফল বাস্তবায়নের মাধ্যমে দেশের কৃষিকে বানিজ্যিক কৃষিতে রুপান্তরের মাধ্যমে দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত সম্ভব হবে, জ্ঞানভিত্তিক, টেকসই বাণিজ্যিক কৃষি উৎপাদন ও বিপনণ ব্যবস্থা গড়ে তোলার পথ সুগম হবে। অনুষ্ঠানের শুরুতে সুধীজনদের শুভেচ্ছা জ্ঞাপন ও স্বাগত বক্তব্য রাখেন ডিএই, খামারবাড়ি, ঢাকাস্থ পার্টনার প্রোগ্রামের এডিশনাল ডিরেক্টর কৃষিবিদ ড. গৌর গোবিন্দ দাস। পার্টনার প্রোগ্রামের চলমান কার্যক্রমের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিএই, খামারবাড়ি, ঢাকাস্থ পার্টনার প্রোগ্রাম কোঅর্ডিনেটর কৃষিবিদ আবুল কামাল আজাদ।

ফেঞ্চুগঞ্জের উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ সুব্রত দেবনার সঞ্চালনায় প্রেজেন্টেশন উপস্থাপন করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর পার্টনার এজেন্সি প্রোগাম ডিরেক্টর কৃষিবিদ মো.আব্দুল কাদের; বারি, আকবরপুর, মৌলভীবাজার এর সিএসও ড. মাহমুদুল ইসলাম নজরুল। এ ছাড়াও সিলেট অঞ্চলে পার্টনার প্রোগ্রামের জেলা ও উপজেলার কার্যক্রমের প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়।

কৃষি মন্ত্রণালয়ের অধীনে সিলেট 'অঞ্চলের ডিএই, ব্রি, বারি, এআইএস, এসসিএ, বিনার কর্মকর্তাবৃন্দ, এনজিও প্রতিনিধি ও অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধি, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ কৃষকগণ অংশগ্রহণ করেন।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## রাজশাহীতে কৃষি প্রযুক্তি বিস্তারে কৃষি তথ্য সার্ভিসের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

কৃষি তথ্য সার্ভিস রাজশাহী অঞ্চলের কনফারেন্স রুমে কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) কৃষকদের নিয়ে কৃষি প্রযুক্তি বিস্তারে কৃষি তথ্য সার্ভিসের ভূমিকা শীর্ষক ২৫-২৬ মে ২০২৫ দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মোঃ আজিজুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি তথ্য সার্ভিসের রাজশাহী অঞ্চলের আঞ্চলিক কৃষি তথ্য অফিসার কৃষিবিদ মো. শরিফুল ইসলামের সভাপতিত্বে অনান্য প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করে। প্রধান অতিথি বর্তমান কৃষকের দোড়গোড়ায় কৃষি তথ্য পৌঁছে দিতে কৃষি তথ্য সার্ভিস মাধ্যমে সারা দেশে এ পর্যন্ত ৪৯৯টি

*এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩*

## কৃষি তথ্য সরবরাহের মাধ্যমই হবে কৃষি তথ্য

শেষ পাতার পর



*সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ মাহমুদুর রহমান*

সেন্টার প্রভৃতির সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করে কৃষি তথ্যের সমন্বিত হাব হিসেবে গড়ে তোলার পরামর্শ প্রদান করেন।

কৃষি মন্ত্রণালয় আগামী ২০৫০ সালকে লক্ষ্য রেখে কৃষির উন্নয়নে প্রেক্ষিতে পরিকল্পনা বাস্তবায়ন উল্লেখ করে প্রধান অতিথি বলেন কৃষি তথ্য সার্ভিস কৃষকদের মতামত মূল্যায়ন করে স্বল্প-মধ্য-দীর্ঘ কালীন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে ভুমিকা রাখবে। সে সাথে নিজেদের পরিকল্পনার সাথে অন্য প্রতিষ্ঠানের পরিকল্পনায় সম্পৃক্ত হতে সহযোগিতা করবে বলে আশা ব্যক্ত করেন।

কৃষি তথ্য সার্ভিসের কৃষি তথ্য প্রচারে চলমান পদ্ধতি গুলো কতটা প্রাসঙ্গিক উল্লেখ করে প্রধান অতিথি বলেন কৃষিকথা ম্যাগাজিন মুদ্রণের দিকে জোড় না দিয়ে বিজ্ঞাপন, সামাজিক মাধ্যমগুলোতে প্রচারের উপর গুরুত্ব দেন। পাশাপাশি কনটেন্ট তৈরির ক্ষেত্রে আরও আধুনিক হওয়ার পরামর্শ প্রদান দেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসন ও অর্থ উইংয়ের পরিচালক মোঃ হাবিবউল্লাহ্। অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন কৃষি তথ্য সার্ভিস ও কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা কৃষক প্রতিনিধিরা। অনুষ্ঠানে কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন শাখার কর্মকর্তা-কর্মচারীদের গত এক বছরের কাজের স্বীকৃতি হিসেবে সম্মাননা প্রদান করা হয়।




*প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ মাহমুদুর রহমান অনুষ্ঠানে কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন শাখার কর্মকর্তা-কর্মচারীদের ২০২৪-২০২৫ অর্থবছরে কাজের স্বীকৃতি হিসেবে সম্মাননা প্রদান করেন*

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## মাশরুম অত্যন্ত পুষ্টিকর ও নিরাপদ খাদ্য




*অনুষ্ঠানে কৃষিবিদ মোঃ আব্দুর রহিম, পরিচালক, উদ্ভিদ সংগোনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা প্রধান অতিথির বক্তব্য রাখছেন*

মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প এর আওতায় আঞ্চলিক কর্মশালা ২১ মে ২০২৫ পর্যটন মোটেল, বগুড়ার সম্মেলন হলে এ কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ আব্দুর রহিম, পরিচালক, উদ্ভিদ সংগোনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। কর্মশালায় সভাপতিত্ব করেন কৃষিবিদ মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া। প্রকল্প কার্যক্রম ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ ড. আখতার জাহান কাঁকন, প্রকল্প পরিচালক, মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্প।

প্রধান অতিথির বক্তব্যে পরিচালক বলেন, মাশরুম অত্যন্ত পুষ্টিকর, সুস্বাদু ও ঔষধিগুণ সম্পন্ন খাবার। দেশে মাশরুম উৎপাদন যতই বাড়ানো হোক না কেন তাতে কোনো ফসলেরই উৎপাদন কমার সম্ভাবনা নেই। এতে সাধারণত কোনো রোগবালাই হয় না এবং কীটনাশক ব্যবহারের প্রয়োজন পড়ে না, বিধায় মাশরুম নিরাপদ খাদ্য।

কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হর্টিকালচার সেন্টার, কৃষি বিপণন অধিদপ্তর, বারি, কৃষি তথ্য সার্ভিসসহ কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ, কৃষি উদ্যোক্তা, ব্যবসায়ী এবং অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করেন।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

## রাজশাহীতে কৃষি প্রযুক্তি বিস্তারে কৃষি তথ্য

তৃতীয় পাতার পর




*প্রশিক্ষণে বক্তব্য রাখছেন রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো: আজিজুর রহমান*

কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র স্থাপিত হয়েছে। তিনি উপস্থিত প্রত্যেক এআইসিসি প্রতিনিধিদের প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান এলাকায় ছড়িয়ে দেয়ার জন্য অনুরোধ করেন।

প্রশিক্ষণে প্রশিক্ষনার্থীগণ এআইসিসির কার্যক্রম তুলে ধরেন ও আগামীতে এআইসিসি অন্য সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানান।

*মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*




কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লার আয়োজনে 'উদ্ভাবনী ডিজিটাল কন্টেন্ট উন্নয়নে কৃষি তথ্য সার্ভিসের ভূমিকা' শীর্ষক সেমিনার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), কুমিল্লার কনফারেন্স রুমে ২২ মে ২০২৫ সেমিনারের আয়োজন করা হয়। ডিএই, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আজিজুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ তোফায়েল আহমেদ, সহযোগী অধ্যাপক, আইসিটি ডিপার্টমেন্ট, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

*মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*




## পদ্মার চরে আশা জাগাচ্ছে বিনা উদ্ভাবিত বিনা চীনাবাদাম-৮ ফলনে

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উদ্ভাবিত উচ্চফলনশীল বিনা চীনাবাদাম-৪, বিনা চীনাবাদাম-৬ এবং বিনা চীনাবাদাম-৮ এর সাথে বারি বিনা চীনাবাদাম-৮ এর প্রায়োগিক পরীক্ষণ মূল্যায়ন ও চাষাবাদ সম্প্রসারণের লক্ষ্যে মাঠ দিবস শনিবার ১৭ মে ২০২৫ উপজেলার গৌরিপুর এলাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ঈশ্বরদী বিনা উপকেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা ফেরদৌস ইকবালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী যুক্ত ছিলেন, বিনার মহাপরিচালক ড. মোঃ আবুল কালাম আজাদ। বিশেষ অতিথি ছিলেন, বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মাহবুবুল আলম তরফদার, উপপ্রকল্প পরিচালক ড. মোঃ আশিকুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা প্রীতম কুমার হোড় প্রমুখ।

উল্লেখ্য, বিনা চীনাবাদাম-৪, ৬ ও ৮ জাতসমূহের সাথে বারি বিনা চীনাবাদাম-৮ এর প্রায়োগিক পরীক্ষণ করা হয়। এ বছর ঈশ্বরদী ও লালপুর পদ্মার চরে ২৫ একর জমিতে আবাদ হয়েছে বিনার বিনা চীনাবাদাম। স্বল্প সময়ে এবং স্বল্প খরচে এসব জাত থেকে ভালো ফলন পাওয়া যায়, যা কৃষকের আয় বাড়াতে সহায়ক হবে। পরীক্ষণ প্লটে দেখা গেছে, বারি চীনাবাদাম-৮ এর তুলনায় বিনার জাতগুলোতে রোগ প্রতিরোধ ক্ষমতা ও ফলন উল্লেখযোগ্যভাবে বেশি।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

## বরিশালে কৃষি রূপান্তরে দক্ষ যোগাযোগের ভূমিকা বিষয়ক সেমিনারে এআইএসের পরিচালক

তথ্য উপাত্ত থেকে সংলাপ: কৃষি রূপান্তরে দক্ষ যোগাযোগ এবং উপস্থাপনের ভূমিকা বিষয়ক দিনব্যাপী সেমিনার বরিশালের কৃষি তথ্য সার্ভিসের সম্মেলন কক্ষে ১৫ মে ২০২৫ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মো: মসীহুর রহমান। সভাপতিত্ব করেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ কিশোর কুমার মজুমদার। কৃষি তথ্য সার্ভিস আয়োজিত এই সেমিনারে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উপপরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মো. মামুন-অর-রশিদ এবং বাংলাদেশ বেতারের আঞ্চলিক পরিচালক ড. মোহাম্মদ হারুন অর রশিদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন পার্টনার প্রকল্পের ফরিদপুর অঞ্চলের সিনিয়র মনিটরিং অফিসার হাফিজ হাসান।

সেমিনারে প্রধান অতিথি বলেন, কৃষি বিজ্ঞানী, গবেষক এবং সম্প্রসারণবিদ থেকে প্রাপ্ত কৃষি তথ্যপ্রযুক্তি হজতরভাবে কৃষকের কাছে পৌছে দেওয়াই কৃষি তথ্য সার্ভিসের কাজ। আর এগুলো প্রিন্ট ও ইলেক্টনিক মিডিয়ার মাধ্যমে বাস্তবায়ন করা হয়। তাই যোগাযোগ ব্যবস্থা যত শক্তিশালী হবে, কৃষকরাও তত বেশি উপকৃত হবেন।




*সেমিনারে বক্তব্যরত প্রধান অতিথি জনাব মোঃ মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস*

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডিএই ভোলার উপপরিচালক মো. খায়রুল ইসলাম মল্লিক, বরিশালে উপপরিচালক মোসাম্মৎ মরিয়ম, বরগুনার উপপরিচালক রবীন্দ্রনাথ বিশ্বাস, ঝালকাঠির উপপরিচালক মো. আব্দুল্লাহ আল-মামুন, ভোলার জেলা প্রশিক্ষণ অফিসার ড. শামীম আহমেদ, ঝালকাঠির অতিরিক্ত উপপরিচালক ইসরাত জাহান মিলি, পটুয়াখালীর অতিরিক্ত উপপরিচালক এইচ এম শামীম, ভোলার অতিরিক্ত উপপরিচালক এএফএম শাহাবুদ্দিন প্রমুখ। সেমিনারে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠান শেষে মাসিক কৃষিকথা পত্রিকার গ্রাহক সংগ্রহের অনন্য অবদানের জন্য ৫ জন কর্মকর্তাকে ধন্যবাদপত্র এবং সম্মাননা স্মারক প্রদান করা হয়।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

খামারি

সার সাশ্রয় এবং অধিক ফলন প্রাপ্তির আধুনিক প্রযুক্তি "খামারি" মোবাইল অ্যাপস ব্যবহার করুন



রাজধানী খামারবাড়ি তুলা উন্নয়ন বোর্ডের অডিটোরিয়ামে কৃষি সম্প্রসারণে অধিদপ্তরের আওতায় "ফ্লাড রিকনস্ট্রাকশন এমারজেন্সি সিস্ট্যান্স প্রজেক্ট (ফ্লিপ) কর্তৃক আয়োজিত আব্দুস সাত্তার পরিচালক পিপিআই আইসিটির সভাপতিত্বে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণে অধিদপ্তরের মহাপরিচালক মো. ছাইফুল আলম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. তৌফিকুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসন ও অর্থ উইংয়ের পরিচালক মো. হাবিবুউল্লাহ ও সরেজমিন উইংয়ের পরিচালক মো. ওবায়দুর রহমান। এ ছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কৃষক প্রতিনিধি। এই প্রকল্পটি বাংলাদেশ সরকার ও এশিয়া উন্নয়ন ব্যাংক এর অর্থায়নে ৪টি অঞ্চলের ৭টি জেলায় ৬৫টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে (রবিবার, ২৫ মে ২০২৫)।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## আম রপ্তানি বাড়াতে সরকার কাজ করছে

*প্রথম পাতার পর*

মাননীয় উপদেষ্টা কৃষকদের স্বার্থ রক্ষা বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করতে হবে উল্লেখ করে বলেন সবারই কথা বলার জায়গা আছে, বিদ্যমান বাগানে কিভাবে ফলন বাড়ানো যায় সে প্রযুক্তি ও জাত উন্নয়নে গবেষণা প্রতিষ্ঠানগুলোকে জোর দিতে হবে। অনুষ্ঠানে আম চাষী



*মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) রাজধানীর ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে আম রপ্তানি উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি রপ্তানিকৃত আম পরিদর্শন করছেন*

কিন্তু কৃষক ভাইদের কথা বলার কোন জায়গা নেই। কৃষক তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পায় সবাইকে আহ্বান জানান।

দেশে কৃষি জমির পরিমাণ কমলেও গবেষণা প্রতিষ্ঠানের কাজের কারনে বিভিন্ন ফসলের উৎপাদন কয়েকগুণ বেড়েছে উল্লেখ করে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, আম চাষের ক্ষেত্রেও ও রপ্তানিকারকগণ বাগানে আমের ব্যাগিং, প্যাকিং, পরিবহন, প্রণোদনাসহ বিভিন্ন সমস্যার কথা জানালে উপদেষ্টা বিষয়গুলো সমাধানে কাজ করার আশ্বাস দেন। এর আগে উপদেষ্টা আম রপ্তানি উদ্বোধন করেন। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র, জার্মানি, সৌদি আরব, কাতার ও বাহরাইন এ পাঁচটি দেশে ১৩ টন আমের চালান যাচ্ছে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষিকে লাভজনক করতে পারিবারিক শ্রমের মূল্য নির্ধারণ করতে হবে : কৃষি সচিব

*প্রথম পাতার পর*

নেই তাই তারা কৃষিতে সহযোগিতা করছে। এ চিন্তা থেকে বেরিয়ে বাণিজ্যিক ও সময়ভিত্তিক চিন্তা করতে হবে। কৃষক ও তার পরিবারের সদস্যরা অন্য কাজে যুক্ত থাকলে নিশ্চয় আয় করতো, তাহলে কৃষি কাজে যুক্ত থাকায় তার শ্রমের মূল্য কেন ধরা হবে বলেও প্রশ্ন রাখেন তিনি।

বৃহস্পতিবার ২৯ মে ২০২৫ সকালে রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) শীর্ষক প্রকল্পের আঞ্চলিক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) মহাপরিচালক মো: ছাইফুল আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান নাজমুন নাহার করিম, মূলপ্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্পটির পরিচালক মো. আবুল কালাম আজাদ।

তিনি পার্টনার প্রকল্পের কথা তুলে ধরে বলেন, এটি কৃষির ইতিহাসের সবচেয়ে বড় প্রকল্প। আমরা এ প্রকল্পের জন্য প্রত্যেকেই নিজ নিজ দৃষ্টিকোণ থেকে সমস্যা চিহ্নিত করে তার সমাধানে পরামর্শ তুলে ধরবো।

এ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের কৃষিকে আধুনিক ও সর্বশেষ সেক্টরে নিয়ে যাবে এমন প্রত্যাশা করি। আর এটি করতে পারলে কৃষিকে ভিন্ন মাত্রায় নেওয়া যাবে বলে মন্তব্য করেন সচিব।

প্রকল্পটির উদ্দেশ্য খাদ্য শস্য উৎপাদনে বৈচিত্র্য আনা; খাদ্য নিরাপত্তা নিশ্চিতে সহায়তা করা; উদোক্তা তৈরি ও উন্নয়ন; জলবায়ু সহিষ্ণু এগ্রিফুড ভ্যালু চেইনের সম্প্রসারণ। তিনি বলেন, প্রকল্পটির মাধ্যমে ১৫টি ফসলের গ্যাপের পরিকল্পনার মধ্যে ৮টিতে করা সম্ভব হয়েছে। তার মধ্যে ৭টি ফসলের গ্যাপের সার্টিফিকেট দেওয়া হয়েছে

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## মাদারীপুরে বসতবাড়ির মাধ্যমে পুষ্টি সংবেদনশীল

*প্রথম পাতার পর*

কার্যালয়ের অতিরিক্ত পরিচালক, মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বলেন দেশে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে খাদ্যের প্রয়োজন। সেই লক্ষ্যে কোন পতিত জমি রাখা যাবে না প্রতিটি জমি চাষের আওতায় আনতে হবে। প্রতিটি বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের মাধ্যমে পতিত জমি চাষের আওতায় আনা একসাথে পরিবারে পুষ্টির চাহিদা পূরণ করা সম্ভব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই, গোপালগঞ্জের উপপরিচালক, আ: কাদের সরদার এবং ডিএই মাদারীপুরের উপপরিচালক, ড. সন্তোষ চন্দ্র চন্দ। অনুষ্ঠানে প্রকল্প কার্যক্রম উপস্থাপন করেন (ইফনাপ) প্রকল্প পরিচালক, ড. আকরাম হোসেন চৌধুরী। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কম্পোনেন্ট ডিরেক্টর, (উপসচিব) ড. মোঃ রাজু আহমেদ।

অনুষ্ঠানে জেলা এবং উপজেলা পর্যায়ে প্রকল্পের কার্যক্রম প্রেজেন্টেশনের মাধ্যমে প্রদর্শন করা হয়। (সোমবার, ১২ মে ২০২৫)

*আসাদুল্লাহ, কৃতসা, বরিশাল*

*কৃষি বিষয়ক তথ্য জানতে কল করুন*
**১৬১২৩ নম্বরে**
*সকাল ৮ টা থেকে রাত ৮ পর্যন্ত (শুক্রবার, শনিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত)*

## বিশ্বব্যাপী ভুল খাদ্যের মহোৎসব : অসুস্থ জাতি নিয়ে রাষ্ট্রের পরিবর্তন অসম্ভব - মহাপরিচালক, ডিএই




*সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: ছাইফুল আলম মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর*

তুলা ভবনের কনফারেন্স রুম, ফার্মগেট, ঢাকায় Scientific Lifestyle and Food Habit শীর্ষক সেমিনার মঙ্গলবার ৩ জুন ২০২৫ আয়োজিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো: ছাইফুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. হাবিবউল্লাহ, পরিচালক প্রশাসন ও অর্থ উইং। মুল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মনিরুজ্জামান, কো-অডিনেটর, কোয়ান্টাম ক্লাব, কোয়ান্টাম ফাউন্ডেশন। প্রকল্পের কার্যক্রম উপস্থাপন করেন ড. মো. আকরাম হোসেন চৌধুরী, প্রকল্প পরিচালক, অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প। প্রকল্পের অর্থায়নে ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের আয়োজনে অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন ড. মো. জাকির হোসেন, অতিরিক্ত পরিচালক ডিএই ঢাকা অঞ্চল।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন অসুস্থ জাতি নিয়ে রাষ্ট্রের পরিবর্তন করা যায় না। সন্তানেরা তাদের বাবা মাকে যেহেতু অনুসরণ করে বড় হয় সেহেতু পারিবারিক ভাবে পুষ্টিকর খাদ্যভ্যাস গড়ে তোলা রাষ্ট ও সমাজ গঠনে অত্যন্ত জরুরী। বিশ্বব্যাপী ভুল খাদ্যের মহাৎসব চলছে বলে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন।

মূল প্রবন্ধ উপস্থাপনায় বক্তা বলেন ভ্রান্ত-জীবনদৃষ্টি,অবৈজ্ঞানিক জীবনাচার মানসিক চাপ/ টেনশন/ স্ট্রেস লাইফস্টাইল ডিজিজের মূল কারণ। তিনি বলেন অতিরিক্ত খেয়ে খাদ্য সমস্যায় পরেছে ৭০% মানুষ। বিশ্বে প্রায় ১০০ কোটি মানুষ ভুল খাবার অতিরিক্ত খাচ্ছে। যার ফলে মহামারির মত স্থুলতা হৃদরোগ ও ডায়াবেটিকস বেড়ে চলছে। সুস্থ থাকতে প্রতিদিন জীবন্ত খাবার গ্রহণ করা প্রয়োজন বলে তিনি জানান।

কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধিবৃন্দ উক্ত সেমিনারে অংশ গ্রহণ করেন।

***কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা***




## স্মার্ট কৃষি প্রযুক্তি সহজলভ্য করতে কাজ করছে

*তৃতীয় পাতার পর*

রুমে এ সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া।


প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পরিচালক বলেন, বর্তমানে কৃষক প্রযুক্তির মাধ্যমে হাতের নাগালে সহজে ও দ্রুত কৃষি বিষয়ক যে কোন সমস্যার সমাধান পেয়ে যাচ্ছে। এর ফলে তারা সহজে উপকৃত হচ্ছে এবং সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে। কৃষির আধুনিক প্রযুক্তিগুলো যেন সহজে কৃষকের কাছে পৌঁছাতে পারে সেজন্য কৃষি মন্ত্রণালয়ের সকল সংস্থাকে এক হয়ে কাজ করার আশ্বাস প্রদান করেন।

দিনব্যাপী এ সেমিনারে সভাপতিত্ব করেন কৃষিবিদ মোঃ মতলুবর রহমান, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ মো: আব্দুল্লাহ-হিল-কাফি, মূখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। কৃষিবিদ মোঃ খালেদীন আনাম, সহকারী তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, পাবনা এর সঞ্চালনায় বিশেষ হিসেবে উপস্থিত ছিলেন ড. কুয়াশা মাহমুদ, পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা, ড. মো. মাজহারুল আনোয়ার, পরিচালক, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা। উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সেমিনার ১৪৩১ বঙ্গাব্দে ৫০০ এর অধিক কৃষিকথার গ্রাহক সংগ্রহ ও কৃষি তথ্য বিস্তারে উল্লেখযোগ্য ভূমিকা রাখায় কৃষি তথ্য সার্ভিস, পাবনা অঞ্চলে কৃষিবিদ মোঃ সাইফুল ইসলাম, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা; কৃষিবিদ মিঠু চন্দ্র অধিকারী, উপজেলা কৃষি অফিসার, আদমদিঘী, বগুড়া; কৃষিবিদ মোঃ সজীব আল মারুফ, উপজেলা কৃষি অফিসার, আটঘরিয়া, পাবনা; কৃষিবিদ মোঃ জসিম উদ্দিন, উপজেলা কৃষি অফিসার, চাটমোহর, পাবনা এবং কৃষিবিদ রাফসিয়া জাহান, উপজেলা কৃষি অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট কে সম্মাননা স্মারক ও ক্রেস্ট প্রদান করা হয়।

***আহমেদ আলী, কৃতসা, পাবনা***

## পুষ্টি কর্নার : কাঁঠাল



কাঁঠাল আমাদের জাতীয় ফল। কাঁঠালে প্রচুর শর্করা, আমিষ ও ক্যারোটিন রয়েছে। খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রাম কাঁঠালে জলীয় অংশ ৮৮.০ গ্রাম, মোট খনিজ পদার্থ ১.১ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.২ গ্রাম, খাদ্যশক্তি ৭৪ কিলোক্যালরি, পানি (গ্রাম) ৭৭.০, আমিষ ১.২ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ১৩.৩ গ্রাম, খাদ্যআঁশ ৭.২, ক্যালসিয়াম ১৩ মিলিগ্রাম, লৌহ ০.৩ মিলিগ্রাম, জিংক ০.৫৯, ক্যারোটিন ৪৭০০ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.১১ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.১৫ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ২১, ভিটামিন-এ ২ মিলিগ্রাম ভিটামিন-ই ০.১১, পুষ্টি উপাদান রয়েছে। থায়ামিন-০.১১, রাইবোফ্লাবিন ০.০৫। উন্নত জাতের মধ্যে রয়েছে বারি কাঁঠাল-১, বারি কাঁঠাল-২ ও বাউ কাঁঠাল-১।

***সংকলন-কৃষি ডাইরি, কৃষি তথ্য সার্ভিস***

## অচিরেই কৃষি জমি সুরক্ষা আইন প্রণয়ন করা হবে- মাননীয় কৃষি উপদেষ্টা

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, দেশের কৃষি জমি অবৈধ দখলদারদের হাত থেকে রক্ষায় অচিরেই কৃষি জমি সুরক্ষা আইন প্রণয়ন করা হবে। মাননীয় কৃষি উপদেষ্টা ০৯ জুন ২০২৫ নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজারের বিশনন্দী এলাকায় বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ইনস্টিটিউট (বারটান) পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন।




*মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী নারায়ণগঞ্জ জেলার বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ইনস্টিটিউট (বারটান)-এর কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন*

মানননীয় কৃষি উপদেষ্টা বলেন, অবৈধ দখলের কারণে দেশে কৃষি জমির পরিমাণ দিন দিন কমে যাচ্ছে। আবাসন প্রকল্পের নামে যেসব প্রতিষ্ঠান কৃষি জমিতে অবৈধভাবে বিলবোর্ড স্থাপন করেছে, সেগুলো দ্রুত অপসারণে জেলা প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে।

চাল আমদানি উল্লেখ করে মাননীয় কৃষি উপদেষ্টা আরও জানান, চলতি বছর বোরো মৌসুমে চালের চাহিদার তুলনায় ১৫ লাখ টন বেশি ধান উৎপাদিত হওয়ায় বিদেশ থেকে চাল আমদানির প্রয়োজন হবে না।

বারটানের বিভিন্ন প্রকল্প পরিদর্শন শেষে চাল আমদানির উপদেষ্টা প্রতিষ্ঠানটির কম্পাউন্ড ভবনের পাশে নিজ হাতে একটি বৃক্ষরোপণ করেন। এ সময় উপস্থিত ছিলেন বারটানের পরিচালক রেহেনা আক্তার, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ জাহিদুল ইসলাম মিঞা ও জেলা পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদার। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি তথ্য সরবরাহের মাধ্যমই হবে কৃষি তথ্য সার্ভিস

Agriculture Information Service (AIS) Towards IR4.0 in Bangladesh: Outlook 2050' শীর্ষক সেমিনার রাজধানীর খামারবাড়ির কৃষি তথ্য সার্ভিসের কনফারেন্স রুমে ২৪ মে ২০২৫ অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ মাহমুদুর রহমান। কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মো: মসীহুর রহমান এ সেমিনারে সভাপতিত্ব করেন।

প্রধান অতিথি তিনি বলেন নিরাপদ পুষ্টি সমৃদ্ধ খাদ্যের চাহিদা পূরণে কৃষি তথ্য সরবরাহ মাধ্যমে হবে কৃষি তথ্য সার্ভিস। কৃষকের চাহিদা চিন্তা করে ফসলের উৎপাদন ও সংগ্রহোত্তর তথ্য সংগ্রহ ও প্রচারণার ব্যবস্থা করা প্রয়োজন। গণমাধ্যম কর্মী অন্যান্য দপ্তর সংস্থা, গবেষণা

*এরপর পৃষ্ঠা ৪ কলাম ১*

## আম উৎপাদনে উত্তম কৃষি চর্চা সারা দেশে ছড়িয়ে দিতে হবে- কৃষি সচিব

মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেছেন, উন্নত কৃষি চর্চার মাধ্যমে উৎপাদিত আম স্বাস্থ্যের জন্য নিরাপদ। আম উৎপাদনে উত্তম কৃষি চর্চা সারা দেশে ছড়িয়ে দিতে হবে। ৩০ মে ২০২৫ মাননীয় কৃষি সচিব রাজধানীর মানিক মিয়া এভিনিউস্থ কৃষকের বাজারে উত্তম কৃষি চর্চা অনুসরণ করে উৎপাদিত নিরাপদ আম বাজারজাতকরণ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।




*কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ঢাকায় মানিক মিয়া এভিনিউয়ে পার্টনার প্রোগ্রামের আওতায় বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (জিএপি) অনুসরণ করে উৎপাদিত নিরাপদ আম বাজারজাতকরণ কার্যক্রম উদ্বোধন করেন (শুক্রবার, ৩০ মে ২০২৫) –পিআইডি*

মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন দেশে উৎপাদিত আম সুস্বাদু ও গুণগত মানসম্পন্ন হওয়ায় সারা বিশ্বে চাহিদা রয়েছে। আমাদের সীমাবদ্ধতার কারণে সেগুলো পৌঁছাতে পারি না। উন্নত কৃষি চর্চার মাধ্যমে গ্যাপ পূরণ করে আমরা রপ্তানি বাড়াতে চাই। বাংলাদেশের আম ৩৮টি দেশে আম রপ্তানি হয়। এ বছর নতুন করে চীন যোগ হয়েছে। গত বছর ১৩শ মেট্রিকটন আম বিদেশে রপ্তানি হয়েছে। আমরা আম রপ্তানি ৫০ হাজার টনে উন্নতি করতে পারি। এর জন্য আম আমদানিকারক দেশের বিধিবিধান মেনে উৎপাদন ও বাজারজাত করতে হবে।

রপ্তানি বাধা কাটিয়ে ওঠতে আন্তঃমন্ত্রণালয় সভা হয়েছে জানিয়ে কৃষি সচিব বলেন, রপ্তানির সময় যে সমস্যাগুলো হয় সেটা নিয়ে কাজ হচ্ছে। কাস্টমসসহ যে বিষয়গুলোতে দীর্ঘসূত্রতা রয়েছে তা সমাধানে আন্তঃমন্ত্রণালয় সভা হয়েছে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) মহাপরিচালক মো. ছাইফুল আলম, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক নার্গীস আক্তার, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনিউরশীপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ প্রকল্পের প্রোগ্রাম কোঅর্ডিনেটর আবুল কালাম আজাদ প্রমুখ। এর আগে সচিব উত্তম কৃষি চর্চা অনুসরণ করে উৎপাদিত নিরাপদ আম বাজারজাতকরণ উদ্বোধন করেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার (অদা.) আর্টিস্ট ডিজাইনার, সুদীপ্ত শিকদার কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd